অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ প্রণয়ন ও চালুকরণ

হালনাগাদকরণের তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | iBAS++-এর মাধ্যমে অনলাইনে বাজেট প্রণয়ন (২০০৭ সাল) | iBAS++-এর মাধ্যমে জাতীয় বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন ও হিসাবরক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়। পর্যায়ক্রমে সরকারের সকল আর্থিক লেনদেন iBAS++-এর মাধ্যমে সম্পাদিত হবে। যেমন-২০২২-২৩ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর-এর পাশাপাশি সরকারি হাসপাতাল, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়সহ ৬৬৯ টি কার্যালয়ের বাজেট iBAS++-এর মাধ্যমে প্রণয়ন করা হয়েছে এবং ভবিষ্যতে তা আরো সম্প্রসারণ করা হবে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ২. | পেনশনারদের EFT পদ্ধতিতে মাসিক পেনশন প্রেরণ (২০১৮ সাল) | বর্তমানে সকল সরকারি অবসরভোগী প্রতিমাসে ইএফটি পদ্ধতিতে মাসের শুরুতেই নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে মাসিক পেনশন পেয়ে থাকেন। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ৩. | কর্মকর্তাদের বেতন বিল অনলাইনে দাখিল ও EFT পদ্ধতিতে প্রেরণ (২০১৮ সাল) | বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকসহ সকল কর্মচারী এবং প্রতিরক্ষা বিভাগের সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রায় সকল সদস্য ইএফটি পদ্ধতিতে মাসের প্রথম কর্ম দিবসে তাঁদের বেতন-ভাতা নিজ নিজ ব্যাংক হিসাবে পাচ্ছেন। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ৪. | অটোমেটেড চালান (A Chalan) এর মাধ্যমে সরকারি কোষাগারে রাজস্ব ও সেবা ফি প্রদান (২০২০ সাল) | সরকারি রাজস্ব আদায় ব্যবস্থাপনা সুসংহতকরণ, চালানের জাল-জালিয়াতি রোধ এবং সরকারি কোষাগারে তাৎক্ষণিকভাবে সরকারি রাজস্ব/ফির অর্থ জমা দেওয়ার জন্য 'স্বয়ংক্রিয় চালান (এ-চালান) পদ্ধতি' প্রবর্তন করা হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/acs | |
| ৫. | জাতীয় সঞ্চয়পত্র অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে 'নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচি'-এর আওতায় G2P পদ্ধতিতে ইএফটি-এর মাধ্যমে বিভিন্ন | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | স্বয়ংক্রিয়ভাবে সঞ্চয়পত্র ইস্যু ও EFT এর মাধ্যমে মুনাফা ও আসল পরিশোধ (২০১৯ সাল) | অর্থবছরে করোনায় ক্ষতিগ্রস্তদের ভাতা প্রদান করা হয়েছে। | | | | |
| ৬. | স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে PL অ্যাকাউন্ট সৃজন ও স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থছাড় প্রক্রিয়া চালুকরণ (২০২২ সাল) | জাতীয় সঞ্চয়পত্রের গ্রাহক সেবা সহজতর করার লক্ষ্যে ইতোমধ্যে 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' প্রবর্তন করা হয়েছে। প্রবর্তিত এ সিস্টেমের মাধ্যমে জাতীয় সঞ্চয় পত্রের সকল স্কিমসহ ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস প্রিমিয়ার বন্ড, ডাকঘর সঞ্চয় স্কিমের সাধারণ ও মেয়াদি হিসাব সমূহের লেনদেন সম্পাদিত হচ্ছে এবং এসব স্কিমের লভ্যাংশ ও আসল ইএফটি-এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://www.nationalsavings.gov.bd/# | |
| ৭. | সামাজিক নিরাপত্তা বেষ্টনির উপকারভোগীর নগদ সহায়তা G2P পদ্ধতিতে প্রেরণ (২০২১ সাল) | সরকারের লেনদেন ব্যয় হ্রাস, দ্রুত পাওনা পরিশোধ, সরকারি ঋণ নিম্নতম পর্যায়ে রাখা, সুদ কমানো, এ্যাকাউন্টিং সিস্টেম ও তারল্য প্রবাহ (Cash Flow) সিস্টেমের মধ্যে সময়মত সংগতিসাধনের (Reconciliation উদ্দেশ্যে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জন্য সিএএফও (পেনশন এন্ড ফান্ড ম্যানেজমেন্ট) কার্যালয়ের আওতায় প্রজাতন্ত্রের সরকারি হিসাবের (Public Account of the Republic) পার্সোনাল লেজার (Personal Ledger-PL) এ্যাকাউন্টের অধীন সাব-এ্যাকাউন্ট সৃজন করা হয়েছে। এতে সরকারের হিসাব হতে প্রকৃত ব্যয়ের পূর্বেই অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে জমা প্রদান বন্ধ হবে। বরাদ্দকৃত অর্থ শুধু সংযুক্ত তহবিল থেকে প্রজাতন্ত্রে সরকারি হিসাবে স্থানান্তরিত হবে, ফলে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত অর্থের তারল্য প্রবাহ নিয়ন্ত্রিত হবে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ৮. | কর্মচারীদের বেতন বিল ডিডিও কর্তৃক অনলাইনে দাখিল ও EFT পদ্ধতিতে বেতন (২০১৮ সাল) | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকারভোগীদের অর্থ প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য G2P পদ্ধতিতে ইএফটি-এর মাধ্যমে সরাসরি তাদের ব্যাংক হিসাবে অথবা মোবাইল হিসাবে অর্থ প্রেরণ করা হচ্ছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://spbmumis.finance.gov.bd/spbmuweb/login.html | |
| ৯. | অনলাইনে ডিডিও মডিউলে অন্যান্য বিল দাখিল (সামারি | সরকারি প্রত্যেক কার্যালয়ের DDO, iBAS++ সিস্টেমের মাধ্যমে তার কার্যালয়ের কর্মচারীদের বেতন বিল অনলাইনে | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বিল)<br>(২০২৩ সাল) | প্রস্তুত করে এবং অনলাইনে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়ে দাখিল করে। অতঃপর Account Office বিলগুলো বাংলাদেশ ব্যাংকে EFT Advice প্রেরণ করে। বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যেক কর্মচারীকে EFT এর মাধ্যমে বেতন-ভাতা প্রেরণ করা হয়। | | | | |
| ১০. | iBAS++-এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বাজেট ছাড় ও বাজেট বাস্তবায়নে অটোমেশন পদ্ধতির প্রয়োগ<br>(২০১৮ সাল) | অর্থবছরের মাঝে জাতীয় সংসদে বাজেট পাশ করার পর ১ জুলাই তারিখে ব্যয়ের জন্য DDO-দের কাছে বাজেট Available হওয়া প্রয়োজন। iBAS++ সিস্টেমে অর্থবছরের শুরুতে স্বয়ংক্রিয়ভাবে অর্থছাড় হয় এবং বাজেট বরাদ্দ সাপেক্ষে বিভিন্ন ব্যয় নির্বাহ করতে পারেন। বাজেট ছাড়, অর্থবিতরণ ও নিয়ন্ত্রণ iBAS++ দ্বারাই সম্পাদিত হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ১১. | স্বয়ংক্রিয় ডেবিট/ক্রেডিট স্ক্রল: সরকারি সকল প্রকার লেনদেনের তথ্যাদি অর্থাৎ ডেবিট এবং ক্রেডিট স্ক্রল বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক লি. এর সাথে একটি ডেডিকেটেড FTP কানেকশানের মাধ্যমে iBAS++-এ বর্তমানে অটো আপলোড হয়ে হিসাবের সমন্বয় সাধন<br>(২০২১ সাল) | সরকারি সকল প্রকার পরিশোধ অর্থাৎ সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি উপজেলা পর্যায় পর্যন্ত EFT এর মাধ্যমে পরিশোধ করা হয়। সরবরাহকারী এবং অন্যান্য পাওনা উপজেলা পর্যায়ে MICR চেকে পরিশোধ করা হয়। চেক এবং EFT এডভাইস iBAS++ থেকে Automatic way-তে BB এবং SB তে পাঠানো হয়। BB এবং SB পরিশোধ করে iBAS++ তথা CGA এর চাহিদা অনুযায়ী Encrypted from dedicated FTP Connection এর মাধ্যমে iBAS++ এ Debit Scroll প্রেরণ করে।<br>অন্যদিকে সরকারি সকল প্রাপ্তি ও সেবা ফি ম্যানুয়াল পদ্ধতিতে BB এবং SB এর সকল শাখায় জমা নেয়ার পাশাপাশি এ-চালান সিস্টেমে সকল দেশিয় বাণিজ্যিক ব্যাংক প্রায় ১১৪ টি অর্থনৈতিক কোডে সরকারি রাজস্ব ও সেবা ফি গ্রহণ করছে। দিন শেষে বাংলাদেশ ব্যাংক এ-চালান সিস্টেম হতে রিপোর্ট নিয়ে সংশ্লিষ্ট ব্যাংক বিকলন করে সরকারি হিসাব আকলন করে। ম্যানুয়াল চালান জমার স্ক্রলসহ সকল প্রকার জমার ক্রেডিট স্ক্রল বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংক হতে একই সাথে (FTP Connectivity) iBAS++-এ Automatically এসে Upload হয়। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১২. | প্রশাসনিক কাজে নিয়োজিত সরকারি গাড়ি চালকদের '৩১১১৩২৭-অধিকাল ভাতা' iBAS++ এর মাধ্যমে প্রদান (২০২২ সাল) | প্রশাসনিক কাজে নিয়োজিত সরকারি গাড়ি চালকদের '৩১১১৩২৭-অধিকাল ভাতা' সংক্রান্ত বিল ম্যানুয়ালি প্রস্তুত করে হিসাবরক্ষণ কার্যালয়ে দাখিল করার কাজটি যেমন কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ, তেমনি এতে ভুল-ভ্রান্তি হওয়ার সম্ভাবনা ছিল। এতে অনেক গুরুত্বপূর্ণ কর্মঘন্টা ব্যয় হতো। বিলটি পাশ হবার পর চেক সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট কার্যালয়ে একজন ক্যাশ সরকারকে পাঠিয়ে উক্ত চেক সংগ্রহ করে পুনরায় ব্যাংকে জমা দেয়ার পর চালকগণ অধিকাল ভাতা প্রাপ্য হতেন। তাতে অনেক সময় ব্যয় হতো। এ অসুবিধা লাঘবের জন্য অর্থ বিভাগ সরকারি গাড়ি চালকদের '৩১১১৩২৭-অধিকাল ভাতা' সংক্রান্ত বিল Integrated Budget and Accounting System (iBAS++) এর সাথে যুক্ত "অধিকাল ভাতা বিল EFT-এর মাধ্যমে প্রেরণ "Application App" ব্যবহার করে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |
| ১৩. | সরকারের নগদ ব্যবস্থাপনাকে সুসংহত করা লক্ষ্যে iBAS++ এ Stock-take of Bank Account সাব-মডিউল প্রস্তুতের মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান, আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর, মাঠ পর্যায়ের সকল কার্যালয়, বাস্তবায়নাধীন কর্মসূচি, স্কিম ও প্রকল্পসমূহের ব্যাংক হিসাবের তথ্যের ডাটাবেজ তৈরি (২০২২ সাল) | জুলাই ২০২২ সময়ে Stock-take of Bank Account Sub-module এর বিজনেস প্রসেস প্রস্তুত করা হয়। সে আলোকে iBAS++ সিস্টেমে এই মডিউলটি ডেভেলপ করা হয়। সকল মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর সংস্থার ডিডিও, পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেট কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের জন্য ২৬ অক্টোবর ২০২২ তারিখে পত্র জারি করা হয় এবং ৬ নভেম্বর ২০২২ থেকে সিস্টেমটির Training Version এ প্রশিক্ষণ দেয়া শুরু হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে দেখা হয় প্রস্তুতকৃত মডিউলের Training Version এ প্রতিষ্ঠানগুলোর ব্যাংক অ্যাকাউন্টের তথ্য আসছে কিনা। প্রশিক্ষণের পাশাপাশি প্রতিষ্ঠানগুলোকে মডিউলের Live Version এ তথ্য প্রদানে অনুরোধ করা হয়। ১৪ নভেম্বর ২০২২ তারিখে এ মডিউলে ১ম ব্যাংক অ্যাকাউন্টের তথ্য আসে। ২০২২-২৩ অর্থবছরে ২৬, ৭১৫ টি অফিসের ১, ০৯, ২১৬ টি ব্যাংক হিসেবের তথ্য সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। | সেবা/আইডিয়াটি কার্যকর আছে | হ্যাঁ | http://ibas.finance.gov.bd/ibas2 | |

এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার